# কারাগার থেকে পালানো ৬৯০ বন্দি এখনও পলাতক, ১৬৬ জনের কোনো তথ্য নেই




ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানের সময় দেশের বিভিন্ন কারাগার থেকে পালিয়ে যাওয়া ২ হাজার ২৪৭ বন্দির মধ্যে এখন পর্যন্ত ১ হাজার ৫৫৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এখনও ৬৯০ বন্দি পলাতক রয়েছেন বলে জানিয়েছেন কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোতাহার হোসেন।

LENS ASIA

মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে কারা সদর দপ্তরে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব তথ্য জানান।

কারা মহাপরিদর্শক বলেন, পলাতক ৬৯০ বন্দিকে গ্রেপ্তারে চেষ্টা চলছে। তবে নরসিংদী কারাগার থেকে পালিয়ে যাওয়া ৮২৬ বন্দির মধ্যে ১৬৬ জনের বিষয়ে বর্তমানে কোনো তথ্য নেই।

কারাগারে কোনো বন্দিকে বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে কি না, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, কাউকেই বিশেষ সুবিধা দেওয়ার সুযোগ নেই।

দেশে বর্তমানে ৭৫টি কারাগার রয়েছে জানিয়ে তিনি বলেন, প্রতিটি কারাগারে খাবারের পরিমাণ ও মান তদারকির ব্যবস্থা রয়েছে। এর মধ্যে ২১টি কারাগার সংস্কারের প্রয়োজন রয়েছে।

কারাগারে মাদক ঢোকানো এবং এতে কারারক্ষীদের সহযোগিতার অভিযোগ প্রসঙ্গে মোতাহার হোসেন বলেন, মাদক ও আর্থিক দুর্নীতির বিরুদ্ধে কারা বিভাগ জিরো টলারেন্স নীতি অনুসরণ করছে। এসব ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে।

তিনি জানান, গত দুই বছরে মাদক ও আর্থিক দুর্নীতিসহ বিভিন্ন অনিয়মের ঘটনায় ২১ জনকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে এবং ৮২ জনকে চাকরিচ্যুত করা হয়েছে। এ ছাড়া ৮৭০ জনের বিরুদ্ধে বিভিন্ন ধরনের বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

ছোটখাটো অপরাধের ঘটনায় প্রশাসনিক ব্যবস্থার অংশ হিসেবে আরও ৩০৩ জনকে বিভিন্ন বিভাগ থেকে সরিয়ে দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

কারা মহাপরিদর্শক বলেন, কোনো কারারক্ষী মাদকসংক্রান্ত অপরাধে জড়িয়ে পড়লে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা করা হচ্ছে এবং সংশ্লিষ্ট ব্যক্তিকে পুলিশের কাছে হস্তান্তর করা হচ্ছে।